GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, SINGUR

Jalaghata, Singur – 712409

(Affiliated to the University of Burdwan)

Phone No. (033) 26300126

UG ADMISSION 2020-21

INFORMATION BROCHURE

Admission to 3 years Semester –wise B.A/B.Sc (Honours) Degree Course under Choice Based Credit System (CBCS).

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরে (সাম্মানিক কোর্স-Hons.) প্রথম বর্ষের প্রথম সেমিস্টার ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নিয়মাবলী

১। যে সমস্ত ছাত্র/ছাত্রী ২০১৭/২০১৮/২০১৯/২০২০ সালে বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত যে কোনো কাউন্সিল বা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত **৫ টি বিষয় (প্রতিটি বিষয়ের পূর্ণমান ১০০ নম্বর)** নিয়ে উত্তীর্ণ হয়েছে তারা কলেজের স্নাতক স্তরে B.A. / B.Sc. সাম্মানিক কোর্সে (Hons.) প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

অথবা

যে সমস্ত ছাত্র/ছাত্রী ২০১৭/২০১৮/২০১৯/২০২০ সালে বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত যে কোনো কাউন্সিল বা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় **কমপক্ষে ৪ টি বিষয়ে** (প্রতিটি বিষয়ের পূর্ণমান ১০০ নম্বর) **মোট ৪০০ নম্বর** পরীক্ষায় ইংরেজি অথবা অন্য যে কোনো একটি ভাষায় প্রাপ্ত নম্বর ও অন্য যে কোনো তিনটি প্রথাগত বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে স্নাতক স্তরে B.A. / B.Sc. সাম্মানিক কোর্সে (Hons.) প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। প্রত্যেক আবেদনকারীর নিজস্ব **ই-মেইল** (email-id), **মোবাইল নম্বর** (mobile no.), **ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য** IFSC and MICR code সহ (আবেদনকারীর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা পরিবারের অন্য কোনো সদস্যের ব্যাঙ্ক অ্যাকাউন্ট) বাধ্যতামূলকভাবে থাকতে হবে। আবেদনকারীর ভর্তি সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে তা নিম্নলিখত ই-মেইল মারফৎ জানানো যাবে admissionggdcsingur@gmail.com

৩। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রজ্ঞাপন সংখ্যা- RC/UG-PERM/ADM/1 তারিখ 28.07.2020 অনুযায়ী স্নাতক স্তরে সাম্মানিক (Hons.) কোর্স এ প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় পরিবেশবিদ্যার (ENVS as Compulsory Additional) প্রাপ্ত নম্বর বাদ দিয়ে সমষ্টিমান (aggregate) এবং মেধা নম্বর (merit score) তৈরি হবে। কিন্তু যদি পরিবেশবিদ্যা Compulsory Elective এর মধ্যে থাকে তবে এই বিষয়ের প্রাপ্ত নম্বর সমষ্টিমান (aggregate)এবং মেধা নম্বর (merit score) তৈরিতে বিবেচিত হবে।

৪। এই কলেজে স্নাতক স্তরে সাধারণ ডিগ্রী কোর্স পড়ানো হয় না।

৫। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রজ্ঞাপন সংখ্যা- RC/UG-PERM/ADM/1 তারিখ 28.07.2020 অনুযায়ী ভর্তির জন্য আবেদনকারীকে নূন্যতম নিম্নলিখিত যোগ্যতাবলী থাকতে হবে :

	সমষ্টিমান (Aggregate)
অন্য সমস্ত বিষয় (সাঁওতালি বিষয় ছাড়া)	৪৫%
সাঁওতালি বিষয়	৪০%

৬। প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণভাবে মেধা তালিকার ভিত্তিতে পরিচালিত হবে। সমস্ত আবেদনকারীর বিষয় ভিত্তিক মেধা তালিকা তৈরি হবে 'মেধা নম্বর' (MERIT SCORE) এর উপর ভিত্তি করে। আবেদনকারীকে উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় কলেজের স্নাতক স্তরে B.A. / B.Sc. সাম্মানিক কোর্সে (Hons.) এই কলেজে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির জন্য ইচ্ছুক বিষয়ে কমপক্ষে ৫০% নম্বর (সাঁওতালি ব্যতীত অন্য বিষয়গুলি) এবং সাঁওতালি বিষয়ে কমপক্ষে ৪৫% নম্বর পেতে হবে।

মেধা নম্বর (**Merit Score**)= সেরা চারটি বিষয়ের যোগফল (এর মধ্যে অন্তত একটি ভাষা বিষয়) + (ইচ্ছুক বিষয়ের প্রাপ্ত নম্বর **X** ২)*

*নিম্নলিখত এই সমস্ত সাম্মানিক (Hons.) ইচ্ছুক বিষয়গুলি যেগুলো বেশিরভাগ স্কুলে পড়ানো হয় না সেই বিষয়গুলির ক্ষেত্রে বিকল্প বিষয়গুলির প্রাপ্ত নম্বর যেগুলো নিম্নে উল্লেখ করা হল সেগুলির প্রাপ্ত নম্বরকে উক্ত সাম্মানিক ইচ্ছুক বিষয়ের নম্বর হিসাবে গণ্য করা হবে।

ইচ্ছুক বিষয় (Desired Subject)	মেধা তালিকার জন্য বিকল্প বিষয় (Alternative Subject considered for merit score calculation)
সমাজবিদ্যা (Sociology)	সমাজবিদ্যা/ ইংরেজি (Sociology/ English)
মনোবিদ্যা (Psychology-B.A.)	মনোবিদ্যা/ ইংরেজি (Psychology/ English)
মনোবিদ্যা (Psychology-B.Sc.)	মনোবিদ্যা/জীব বিদ্যা (Psychology/ Biology)
নৃতত্ত্ব (Anthropology)	নৃতত্ত্ব, জীব বিজ্ঞান/ জীব বিদ্যা (Anthropology/ Biological Sciences)
উদ্ভিদবিদ্যা (Botany)	জীব বিজ্ঞান/ জীব বিদ্যা (Biological Sciences)
প্রানীবিদ্যা (Zoology)	জীব বিজ্ঞান/ জীব বিদ্যা (Biological Sciences)
কম্পিউটার সায়েন্স (Computer Science)	কম্পিউটার সায়েন্স/ অঙ্ক (Computer Science/Mathematics)
সাঁওতালি (Santali)	বাংলা/ সাঁওতালি (Bengali/Santali)

৭। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রজ্ঞাপন সংখ্যা- RC/UG-PERM/ADM/1 তারিখ 28.07.2020 অনুযায়ী যে ছাত্র/ছাত্রী স্নাতক স্তরে ২০১৯ শিক্ষাবর্ষে গভর্মেন্ট জেনেরাল ডিগ্রি কলেজ, সিঙ্গুর এ প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের নিবন্ধন (Registration) করেছে কিন্তু পরীক্ষার ফর্ম পূরণ (Form Fill up) করেনি, তাঁরা যদি যোগ্য বলে বিবেচিত হয়, তবে উক্ত ছাত্র/ছাত্রী নতুন করে এই কলেজে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এই কলেজের Intake capacity-এর মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোনো স্নাতক স্তরে সাম্মানিক (Hons.) বিষয়ে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এক্ষেত্রে তাদের নতুন করে নিবন্ধন (Registration) করতে হবে না, আগের নিবন্ধন (Registration) বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrollment Form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীকে এরূপ

ভর্তির কারণ দর্শাতে (Self-Declaration) দিতে হবে। কিন্তু এই নিয়ম শুধুমাত্র সেই সকল ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য যারা ২০১৯ শিক্ষাবর্ষে গর্ভমেন্ট জেনেরাল ডিগ্রি কলেজ, সিঙ্গুর এ প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল তার আগের কোনো শিক্ষাবর্ষে ভর্তি হয়ে থাকলে এই নিয়ম তাদের জন্য প্রযোজ্য হবে না।

৮। যে সমস্ত ছাত্র/ছাত্রীর ইচ্ছুক বিষয় ও বিকল্প বিষয় উভয়েই রয়েছে উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় সেক্ষেত্রে মেধা নম্বর তৈরির ক্ষেত্রে যে বিষয়ে উক্ত ছাত্র/ছাত্রী বেশি নম্বর পেয়েছে সেটি বিবেচিত হবে। উদাহরণস্বরূপ কোনো ছাত্র/ছাত্রী যদি স্নাতক স্তরে (B.A.) মনোবিদ্যায় সান্মানিক (Hons. in Psychology) পড়তে আগ্রহী হয় এবং তাঁর মনোবিদ্যা (Psychology) এবং ইংরেজি উভয় বিষয় রয়েছে এবং উক্ত ছাত্র/ছাত্রী যদি ইংরেজিতে অধিক নম্বর পেয়ে থাকে সেক্ষেত্রে মনোবিদ্যা থাকা সত্তেও উক্ত ছাত্র/ছাত্রীর ইংরেজির প্রাপ্ত নম্বরকেই মেধা নম্বর তৈরি করার ক্ষেত্রে বিবেচনা করা হবে।

৯। যে সমস্ত ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় বিজ্ঞান এবং বাণিজ্য বিভাগ থেকে পাশ করেছে এবং তাঁরা কলা বিভাগের কোন বিষয় পড়তে আগ্রহী হয়, তাহলে তাঁরা শুধুমাত্র বাংলা, ইংরেজি, মনোবিদ্যা, সমাজবিদ্যা এবং সাঁওতালি বিষয়ে আবেদন করতে পারবে।

১০। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রজ্ঞপন সংখ্যা- RC/UG-PERM/ADM/1 তারিখ 28.07.2020 অনুযায়ী যে সমস্ত ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল্য পরীক্ষায় Vocational Engineering and Technology (অঙ্কে Pass Marks সহ) পরীক্ষায় পাশ করেছে তারা Computer Science (Hons.) প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য। যে সমস্ত ছাত্র/ছাত্রী উপরোক্ত Vocational কোর্স নিয়ে পাশ করেছে তারা এই কলেজে বিষয়ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্বাধিক 10% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের সাধারণ বোর্ড থেকে পাশ করে সুযোগ পাওয়া তালিকার সর্বনিম্ন প্রার্থীর থেকে অধিক নম্বর পেতে হবে।

১১। যে সমস্ত ছাত্র/ছাত্রী বিজ্ঞান ও কলা বিভাগ উভয় বিভাগেই আবেদন করতে আগ্রহী এক্ষেত্রে তাদের দুটি বিভাগের জন্যই আলাদা আলাদা ভর্তির আবেদনের ফর্ম পূরণ করতে হবে।

১২। রাজ্য স্তরের খেলোয়াড়রা স্পোর্টস কোটায় সাম্মানিক (Hons.) কোর্সের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে, যদি উক্ত ছাত্র/ছাত্রীর স্বীকৃত খেলার যথাযথ প্রমাণপত্র থাকে।

১৩। বর্ধমান বিশ্ববিদ্যালয় দ্বারা যতক্ষণ না পর্যন্ত আবেদনকারীর ভর্তি সংক্রান্ত সমস্ত তথ্যের যাচাই ও নিবন্ধনের (verification and registration) প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে ততক্ষণ পর্যন্ত সমস্ত ভর্তি সাময়িক (**PROVISIONAL**) বলে বিবেচিত হবে। আবেদনকারীর ভর্তি সংক্রান্ত কোনো বিষয় যদি বিশ্ববিদ্যালয় অথবা কলেজ কর্তৃপক্ষের ভর্তি সংক্রান্ত কোনো নিয়মাবলীর বিপরীত হয় এবং সেটি যদি পরবর্তী সময়েও সামনে আসে তাহলে উক্ত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৪। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি আয়োগ (UGC)-এর নির্দেশানুসারে প্রত্যেক ছাত্র/ছাত্রী এবং তাঁদের অভিভাবকদের অনলাইনে অ্যান্টি-র‍্যাগিং এর অঙ্গীকারপত্র পূরণ করতে হবে।

১৫। কোনো ছাত্র/ছাত্রীর আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার জন্য কলেজে যাওয়ার প্রয়োজন নেই। সমস্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে শুধুমাত্র অনলাইনে এবং আবেদনপত্র ও ভর্তির টাকা জমা দিতে হবে অনলাইনে এর মাধ্যমে।

আসন সংরক্ষণ (Reservation of Seats)

তিন বছরের (ছটি সেমিস্টার) ডিগ্রী কোর্সে ভর্তি প্রক্রিয়ায় আসন সংরক্ষণ নীতি পরিচালিত হবে West Bengal State Higher Educational Institutions Reservation in Admission, Act (2013, 2014) অনুযায়ী। আসন সংরক্ষণ নীতি অনুযায়ী তপশিলি জাতি- ২২%, তপশিলি উপজাতি - ৬%, অন্য অনগ্রসর সম্প্রদায় (OBC-A)- ১০% এবং অন্য অনগ্রসর সম্প্রদায় (OBC-B) – ৭% আসন সংরক্ষিত থাকবে প্রত্যেক সাম্মানিক (Hons.) কোর্সে।

শারীরিক প্রতিবন্ধকতা সম্পন্ন প্রার্থীদের (Physically Challenged) জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে প্রত্যেক সাম্মানিক (Hons.) কোর্সে।